**(তথ্যপত্র পরবর্তীতে আসছে)**

# তথ্য প্রাপ্তি বহাল রাখতে এখনই সক্রিয় হউন

## এই ওয়েবসাইট সম্পর্কিত তথ্য !

পরিবেশ সংরক্ষণ বিভাগ (DEC)-এর পরিবেশ প্রতিকারকরন ডিভিশন (DER) এখন দূষিত সাইট সম্পর্কিত তথ্য *ইলেকট্রনিক মাধ্যমে ই-মেইলে* বিতরণ করে থাকে।

আপনি যদি এই তথ্যপত্রে সন্নিবেশিত দূষিত সাইট সম্পর্কিত তথ্য নিয়মিত পেতে চান:

**আপনাকে অবশ্যই DER ইমেল বিতরন তালিকার জন্য সাইন আপ করতে হবে**:
www.dec.ny.gov/chemical/61092.html



DER আপনার ইমেল ঠিকানা নিবন্ধন করতে পারে না- শুধুমাত্র ইমেল ঠিকানার অধিকারী ব্যক্তি তা করতে পারে। যেখানে সাইটটি অবস্থিত সংশ্লিষ্ট সেই কাউন্টির জন্য আপনি যদি ইমেল বিতরন তালিকায় ইতিমধ্যেই সাইন আপ করে থাকেন, তাহলে আপনাকে আর কিছুই করতে হবে না।

**কেন আপনার "কাগজবিহীন সুবিধা”-র সুফল নেওয়া উচিত:**

- ☑ সাইটের তথ্য দ্রুত পাবেন এবং সহজেই বিনিময় করতে পারবেন;
- ☑ আপনার বাছাই করা কাউন্টির সকল সাইট সম্পর্কে তথ্য পাবেন - আপনার পছন্দসই তথ্য পড়ুন, বাকিগুলি বাদ দিন;
- ☑ এটি পরিবেশকে সহায়তা করে এবং আপনার ট্যাক্স ডলার বিস্তৃত করে।

**যদি "কাগজবিহীন সুবিধা" আপনার পছন্দসই বিকল্প না হয়,** তাহলে এই তথ্যপত্রে উল্লেখিত DER প্রকল্প পরিচালককে ফোন করুন বা লিখুন। তাকে জানান যে তথ্যপত্রের কাগজের অনুলিপি ডাকযোগে আপনার নিকট প্রেরন করা হোক। আপনার পত্রে সাইটের নাম উল্লেখ করুন। কাগজের অনুলিপি গ্রহণের বিকল্প শুধুমাত্র একক ব্যক্তির জন্য প্রযোজ্য। যৌথ দল, সংগঠন, ব্যবসা প্রতিষ্ঠান, এবং সরকারী সংস্থার ইমেল সুবিধা বিদ্যমান আছে বলে ধরে নেওয়া হয়।

NEW YORK STATE | Department of Environmental Conservation

পরিবেশ সংরক্ষণ বিভাগ (DEC)

### কোথায় তথ্য পাওয়া যাবে

প্রকল্পের নথিপত্র ডিইসির তথ্য নির্দেশক ওয়েবসাইট: https://www.dec.ny.gov/data/DecDocs/C224311/ এর মাধ্যমে এবং নিম্নলিখিত স্থানসমূহে:

**কুইন্স পাবলিক লাইব্রেরী - সেন্ট্রাল**
89-11 মেরিক বুলেভার্ড
জামাইকা, নিউইয়র্ক 11432
টেলিফোন: (718) 990-0700

**কুইন্স কমিউনিটি বোর্ড নং 12**
90-28 161 স্ট্রীট
জামাইকা, নিউইয়র্ক 11432
টেলিফোন: (718) 658-3308
Qn12@cb.nyc.gov

### যোগাযোগের জন্য কর্তৃপক্ষ

মতামত এবং অনুসন্ধান সাদরে সমাদৃত এবং সেগুলো নিম্নলিখিত ব্যাক্তির উদ্দেশ্যে করা বাঞ্চনীয়:

**প্রকল্প সংশ্লিষ্ট প্রশ্নসমূহ**
ক্রিস এ্যালান, প্রকল্প ব্যবস্থাপক
এনওয়াইএসডিইসি অঞ্চল 2
41-40 21 স্ট্রীট
লং আইল্যান্ড সিটি, নিউইয়র্ক 11101
টেলিফোন: (718) 482-4065
ইমেইল: christopher.allan@dec.ny.gov

**প্রকল্প সংশ্লিষ্ট স্বাস্থ্যবিষয়ক প্রশ্নসমূহ**
এন্থনি পেরেট্টা
এনওয়াইএসডিওএইচ
এম্পায়ার স্টেট প্লাজা
কর্নিং টাওয়ার, কক্ষ 1787
আলবেনি, নিউইয়র্ক 12237
টেলিফোন: 518-402-7860
ইমেইল: beei@health.ny.gov

**নিউইয়র্কের ব্রাউনফিল্ড পরিচ্ছন্নতা কর্মসূচী সম্পর্কিত আরও তথ্যের জন্য দেখুন:**
www.dec.ny.gov/chemical/8450.html

# তথ্যপত্র

**ব্রাউনফিল্ড পরিচ্ছন্নতা কর্মসূচী**

**90-02 168 স্ট্রীট সাইট**
**90-02 168 স্ট্রীট**
**জামাইকা, নিউইয়র্ক 11432**

**সাইট নং C241243**

**ডিসেম্বর 2022**

**এনওয়াইএসডিইসি**

**অঞ্চল 2**

## ব্রাউনফিল্ড সাইট এর পরিচ্ছন্নতা কার্যক্রম সমাপ্ত

নিউইয়র্ক স্টেটের ব্রাউনফিল্ড পরিচ্ছন্নতা কর্মসূচী (BCP)-র আওতায় কুইন্স কাউন্টির 90-02 168 স্ট্রীটে অবস্থিত 90-02 168 স্ট্রীট সাইট ("সাইট") সংশ্লিষ্ট দূষণ মোকাবেলার জন্য নেওয়া কার্যক্রম সম্পন্ন হয়েছে। সাইটের অবস্থানের জন্য ম্যাপ দেখুন।

নিউইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগ (NYSDEC)-এর তত্ত্বাবধানে 90নাইনটি এলএলসি ("আবেদনকারী") কর্তৃক পরিচ্ছন্নতা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। NYSDEC কর্তৃক পর্যালোচনার জন্য আবেদনকারী একটি খসড়া চূড়ান্ত প্রকৌশল প্রতিবেদন (FER) জমা দিয়েছে যেখানে বলা হয়েছে যে প্রস্তাবিত সাইটের আবাসিক ব্যবহারের উপযোগী জনস্বাস্থ্য এবং পরিবেশের সম্পূর্ণ সুরক্ষা নিশ্চিত করার জন্য পরিচ্ছন্নতার আবশ্যিক শর্তগুলি পূরণ করা হয়েছে বা হবে।

- অনলাইনে ডিইসির তথ্য নির্দেশক ওয়েবসাইটে প্রকল্পের নথিগুলি সন্ধান করুন: : https://www.dec.ny.gov/data/DecDocs/C241243/
- বাম দিকে উল্লেখিত "কোথায় তথ্য পাওয়া যাবে' শিরোনামের অধীনে নথিপত্রগুলি পাওয়া যাবে।

**সাইট পরিচ্ছন্নতার উল্লেখযোগ্য কর্মকান্ড:** প্রতিকারমূলক কার্যক্রমের উদ্দেশ্য বাস্তবায়নের জন্য নিম্নলিখিত কার্যগুলি ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে বা অবিলম্বে করা হবে:

- খননকার্য – মৃত্তিকা পরিচ্ছন্নতার উদ্দেশ্য (SCOs) অনুযায়ী প্রস্তাবিত বিল্ডিংয়ের (সাইটের ট্র্যাক 1 এলাকা) তলদেশের অবাধ ব্যবহারের পরেও প্রয়োজনের অতিরিক্ত সমস্ত মাটি এবং সাইটের ট্র্যাক 4 এলাকার উপরাংশের 2 ফুট পর্যন্ত সীমাবদ্ধ আবাসিক SCOs এর অতিরিক্ত মাটির খননকার্য এবং অতিরিক্ত মাটি সাইট বহির্ভূত স্থানে স্থানান্তর করা;
- খননকৃত জায়গার পুনঃভরাট কার্য সম্পন্ন করতে 6 NYCRR পার্ট 375-6.7(d) এর শর্ত অনুযায়ী পরিচ্ছন্ন মাটি আমদানী করা এবং সাইটে নকশা করা গ্রেড স্থাপন করা;
- ট্র্যাক 4 এলাকায় একটি নির্মানভূমি আচ্ছাদন ব্যবস্থা স্থাপন এবং রক্ষণাবেক্ষণ;
- নতুন বিল্ডিং-এ বসবাসের পূর্বে মাটির বাষ্প অনুপ্রবেশ মূল্যায়নের কার্য সম্পাদন, সম্ভাব্য মাটি বাষ্প অনুপ্রবেশের সাথে সম্পর্কিত প্রভাবগুলিকে মোকাবেলা করার জন্য সুপারিশকৃত পদক্ষেপগুলি বাস্তবায়নের জন্য ব্যবস্থা গ্রহন;
- সাইটের ট্র্যাক 4 অংশে প্রতিকার ব্যবস্থার দীর্ঘমেয়াদী রক্ষণাবেক্ষণের জন্য সাইট ম্যানেজমেন্ট প্ল্যান (SMP) বাস্তবায়ন; এবং
- সাইটের সঠিক ব্যবহার নিশ্চিত করতে সাইটের ট্র্যাক 4 অংশে একটি পরিবেশগত সুবিধা লিপিবদ্ধ করা হবে।

**পরবর্তী পদক্ষেপ:** NYSDEC যখন FER অনুমোদন করবে, তখন এটি জনসাধারণের জন্য উন্মুক্ত করা হবে ("তথ্য কোথায় পাওয়া যাবে" দেখুন)। এরপর NYSDEC কার্য সমাপ্তির সার্টিফিকেট (COC) জারি করবে যা একটি তথ্যপত্রের মাধ্যমে অবহিত করা হবে। COC পাওয়ার পরে আবেদনকারী সাইটটি পুনঃউন্নয়ন করতে সক্ষম হবেন। উপরন্তু, আবেদনকারী ট্যাক্স ক্রেডিটের জন্য যোগ্য হবেন যাতে পরিচ্ছন্নতা কার্যক্রম সম্পাদনের এবং সাইটের পুনঃউন্নয়নের খরচের একটি অংশ ট্যাক্সের সাথে সমন্বয় করা হয়।

একটি COC সংশোধন বা প্রত্যাহার করা হতে পারে যদি, উদাহরণস্বরূপ, কোন আবেদনকারী তার NYSDEC এর সাথে ব্রাউনফিল্ড পরিচ্ছন্নতা চুক্তির শর্তাবলী মেনে না চলে।

# ব্রাউনফিল্ড পরিচ্ছন্নতা কর্মসূচী

**সাইটের বিবরণ:** 2.28-একর জায়গা নিয়ে গঠিত সাইটটি নিউইয়র্ক-এর জ্যামাইকা এলাকার 90-02 168 তম স্ট্রিটে অবস্থিত। উক্ত স্থানটি উত্তরে 90 অ্যাভিনিউ, পূর্বে 168 স্ট্রিট, পশ্চিমে একটি গির্জা কমপ্লেক্স, একটি ধর্মীয় বইয়ের দোকান এবং আবাসিক ভবন এবং দক্ষিণে বাণিজ্যিক খুচরা বিল্ডিং দ্বারা পরিবেষ্টিত। নথি অনুযায়ী সাইটটি 1886 সালের পূর্বে আবাসিক বাসস্থান এবং আস্তাবল হিসাবে তৈরি করা হয়েছিল। 1925 সাল নাগাদ উক্ত সাইটে একটি প্লাম্বিং দোকান এবং রং এর গুদাম সহ বাণিজ্যিক সম্পত্তি বিদ্যমান ছিল। 1940 এবং 1950 এর দশকে সম্পত্তির উত্তর অংশে একটি গাড়ী মেরামতের দোকান এবং গির্জা বিদ্যমান ছিল। 1963 সালের মধ্যে উক্ত সাইটের সমস্ত কাঠামো ভেঙে ফেলা হয়েছিল, এবং তখন থেকে সম্পত্তিটি পার্কিংয়ের জন্য ব্যবহার করা হয়েছে। পরিকল্পিত পুনঃউন্নয়নের মধ্যে ভূগর্ভস্থ পার্কিং সহ একটি মিশ্র-ব্যবহারের বাণিজ্যিক এবং আবাসিক ভবন অন্তর্ভুক্ত রয়েছে।

পরিবেশগত ও স্বাস্থ্যপরিবেশ মূল্যায়নের সারসংক্ষেপ সহ সাইট সম্পর্কিত অতিরিক্ত বিস্তারিত বিবরণ, NYSDEC এর পরিবেশগত সাইট প্রতিকারকরন ডাটাবেসে পাওয়া যাবে (সাইট ID: C 224311):
https://www.dec.ny.gov/cfmx/extapps/derexternal/index.cfm?pageid=3

**ব্রাউনফিল্ড পরিচ্ছন্নতা কর্মসূচী** (BCP) **:** নিউইয়র্কের ব্রাউনফিল্ড পরিচ্ছন্নতা কর্মসূচী "ব্রাউনফিল্ডস" নামে পরিচিত দূষিত সম্পত্তির স্বতঃপ্রবৃত্ত পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমকে উৎসাহিত করে যাতে সেগুলি পুনঃব্যবহার এবং পুনঃউন্নয়ন করা যায়। এই ধরনের পূনঃব্যবহারে বিনোদন, আবাসন, ব্যবসা বা অন্যান্য সুবিধা অন্তর্ভুক্ত থাকতে পারে। ব্রাউনফিল্ড সাইট হল এমন কোন ভূ-সম্পত্তি যেখানে বিদ্যমান দূষক মাটির এমন স্তরে উপস্থিত থাকে যা পরিচ্ছন্নতার লক্ষ্যমাত্রা বা অন্যান্য স্বাস্থ্য-ভিত্তিক বা পরিবেশগত মানদন্ড, ডিইসি কর্তৃক গৃহীত শর্তাবলী বা নির্দেশনা অতিক্রম করে, যেগুলো সম্পত্তির যুক্তিসঙ্গত প্রত্যাশিত ব্যবহারের ভিত্তিতে প্রযোজ্য প্রবিধান অনুযায়ী গৃহীত হয়েছে।

BCP সম্পর্কে আরও তথ্যের জন্য দেখুন:
https://www.dec.ny.gov/chemical/8450.html

***প্রতিবেশী এবং ভাড়াটিয়াদের সাথে এই তথ্যপত্রটি বিনিময় করতে আমরা আপনাকে উৎসাহিত করি এবং/অথবা অন্যদের দেখার জন্য আপনার ভবনের একটি দৃষ্টিগ্রাহ্য স্থানে এই তথ্যপত্রটি লাগিয়ে দিন।***

**ডিইসি বার্তা বিতরন বিষয়ে অবগত থাকুন**
ইমেলের মাধ্যমে সাইট আপডেট পেতে সাইন আপ করুন:
www.dec.ny.gov/chemical/61092.html

দ্রষ্টব্য: যদি আপনি ইতিমধ্যে সাইন আপ করে থাকেন এবং এই তথ্যপত্রটি ইলেক্ট্রনিক মাধ্যমে পেয়ে থাকেন তাহলে দয়া করে উপেক্ষা করুন।

**ডিইসি তথ্য নির্দেশক**
ডিইসি নথি এবং নির্দিষ্ট স্থানের পরিবেশগত মান সম্পর্কিত উন্মুক্ত ডাটা দর্শন করার জন্য ইন্টারেক্টিভ মানচিত্র :
https://www.dec.ny.gov/pubs/109457.html

# ব্রাউনফিল্ড পরিচ্ছন্নতা কর্মসূচী

**সাইট এর অবস্থান**



NEW YORK STATE | Department of Environmental Conservation

**Kathy Hochul**, গভর্নর | **Basil Seggos**, কমিশনার **www.dec.ny.gov**

## অনুবাদ সুবিধা আছে। আপনার ভাষা দেখতে পাচ্ছেন না? জিজ্ঞাসাা করুন!

| | |
|---|---|
| **English** | To have this document translated into a language you can understand, contact the person below. There is no charge for the translation. |
| **Español**<br>**Spanish** | Si necesita la traducción de este documento a un idioma que pueda entender, comuníquese con la persona indicada abajo. La traducción es gratis. |
| **简体字**<br>**Simplified Chinese** | 如需將此文件翻譯成您能理解的語言版本，請聯絡下方人員。本次翻譯不收取費用。 |
| **Русский**<br>**Russian** | Чтобы получить перевод этого документа на понятный вам язык, свяжитесь с представителем, данные которого указаны ниже. Плата за эту услугу не взимается. |
| **אידיש**<br>**Yiddish** | צו האבן די דאקומענט איבערגעטייטשט אין א שפראך וואס איר קענט פארשטיין, פארבינדט זיך מיט די פערזאן אונטן. די איבערטייטשונג איז פריי פון אפצאל. |
| **বাঙালি**<br>**Bengali** | এই নথিটি আপনি বুঝতে পারেন এমন একটি ভাষায় অনুবাদ করতে, নিম্নলিখিত ব্যক্তির সাথে যোগাযোগ করুন। অনুবাদের জন্য কোন চার্জ দিতে হবে না। |
| **한국어**<br>**Korean** | 이 언어를 본인이 이해할 수 있는 언어로 받아보려면 아래 담당자에게 문의하십시오. 번역료는 없습니다. |
| **Kreyòl Ayisyen**<br>**Haitian Creole** | Pou yo ka tradwi dokiman sa nan yon lang ou ka konprann, kontakte moun ki anba a. Ou p'ap peye anyen pou tradiksyon an. |
| **Italiano**<br>**Italian** | Per ottenere la traduzione di questo documento in un'altra lingua, contatti la persona indicata qui di seguito. La traduzione è gratuita. |
| **العربية**<br>**Arabic** | لترجمة هذا المستند إلى لغة يمكنك فهمها، تواصل مع الشخص أدناه. لا يتم تطبيق رسوم مقابل الترجمة. |
| **Jęzky Polski**<br>**Polish** | Aby uzyskać tłumaczenie tego dokumentu na język, który jest dla Ciebie zrozumiały, skontaktuj się z poniższą osobą. Za tłumaczenie nie jest pobierana żadna opłata. |

**যোগাযোগ: Chris Allan, (718) 482-4065, christopher.allan@dec.ny.gov**